



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, অহাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ৩২/২০২৪

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ২৩/০৫/২০২৪ খ্রি.

কাস্টমস অটোমেশন শাখা, জাতীয় রাজস্ব বোর্ড এর নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫, তারিখঃ ১৫/০৫/২০২৪ খ্রিঃ এর প্রযোজ্য অংশ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
আগারগাঁও, ঢাকা।  
[কাস্টমস অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫

তারিখঃ ১৫.০৫.২০২৪ খ্রি.

বিষয়: আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের নির্দেশনা (IM4)।

- সূত্রঃ ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯, তারিখঃ ১৫.১০.২০২৩ খ্রি.  
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৭৪৯, তারিখঃ ২৯.১১.২০২৩ খ্রি.  
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৯৮, তারিখঃ ২৫.০৩.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুদ্ধায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত ও জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করার লক্ষ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের নির্দেশনা জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রদান করা হয়। সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটটির মাধ্যমে আবেদনের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত ওয়েবসাইটের মাধ্যমে খুব সহজেই একজন আমদানিকারক তার আমদানিতব্য পণ্যচালানের সিএন্ডএফ এজেন্ট মনোনীত করার লক্ষ্যে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারেন। কাস্টমস অফিসসমূহ হতে যাচাই বাছাই সাপেক্ষে দ্রুততম সময়ে অনলাইনের মাধ্যমেই এক্ষেত্রে সংযুক্তিকরণ সম্পাদন করা যায়। এছাড়া, সংযুক্তিকরণের সর্বশেষ অবস্থা ওয়েবসাইট হতেই জানা যায়।

২। সূত্রোক্ত ৩ নং পত্রের মাধ্যমে IM-4 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তিকরণের সময়সীমা বিগত ১৬.০৪.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, উল্লেখযোগ্য সংখ্যক সিএন্ডএফ এজেন্টদেরকে এখনো অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণ করা হয়নি। এমতাবস্থায়, আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের বিষয়টি উপরে উল্লিখিত ওয়েবসাইটের মাধ্যমে জরুরী বিবেচনায় সম্পাদন করার নিমিত্তে সংশ্লিষ্ট সকল আমদানিকারকদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে, সংযুক্তিকরণের সময়সীমা আগামী ১৯.০৬.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো। উল্লিখিত সময়ের পর সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কার্যক্রম গ্রহণ করতে পারবেন না। উল্লেখ্য যে, IM-4 এর আওতায় আমদানিকারকগণ এ সংক্রান্ত আবেদন সংশ্লিষ্ট কাস্টম হাউস ও ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট বরাবর বর্ণিত ওয়েবসাইটের মাধ্যমে দাখিল করবেন এবং উক্ত দপ্তরসমূহে পদস্থ আইটি কর্মকর্তাগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এ সংক্রান্ত প্রয়োজনীয় এন্ট্রি প্রদান করবেন।

৩। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

স্বাঃ/-

[মোঃ আবদুল কাইয়ুম]

দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)

ই-মেইল-ss.asycuda@gmail.com